## **PRINT**

## MAM

## সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশ নেবে না রাবি

১১ ঘণ্টা আগে

## রাবি প্রতিনিধি

সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশ না নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) কর্তৃপক্ষ। সোমবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম আব্দুস সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বিষয়টি নিশ্চিত করেছেন একাডেমিক কাউন্সিলের একাধিক সদস্য।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সদস্য ও উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. হাবিবুর রহমান বলেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সমন্বয়ে গঠিত 'বিশ্ববিদ্যালয় পরিষদ' থেকে সমন্বিত ভর্তি পরীক্ষার বিষয়ে প্রস্তাব ও রূপরেখা প্রণয়ন করা হয়। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলে জরুরি সভায় অধিকাংশ সদস্য এ প্রস্তাবের বিপক্ষে অবস্থান নেন। ফলে সমন্বিত ভর্তি পরীক্ষায় রাবি অংশ না নেওয়ার বিষয়টি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে।

একাডেমিক কাউন্সিলের আরেক সদস্য অধ্যাপক ইফতিখারুল আলম মাসউদ জানান, সভায় কিছু শিক্ষক প্রস্তাব রেখেছেন বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ-১৯৭৩ যেসব বিশ্ববিদ্যালয় মেনে চলে সে ক'টি বিশ্ববিদ্যালয় একত্র হলে আমরা ভেবে দেখব। এভাবে সমন্বিত পরীক্ষায় প্রশ্ন ফাঁসের ঝুঁকি ও পরীক্ষার মান নিয়ে প্রশ্ন থাকতে পারে। তাই রাবি এ পদ্ধতিতে যাচ্ছে না।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল: ad.samakalonline@outlook.com